



## এলডিসি উত্তরণে ডব্লিউটিওর পূর্ণ সহায়তা চাইলেন প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

জাতিসংঘ সাধারণ পরিষদের ফাঁকে ডব্লিউটিও মহাপরিচালকের সঙ্গে বৈঠকে বাংলাদেশের প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস এলডিসি থেকে উত্তরণের প্রক্রিয়ায় পূর্ণ সহায়তার আহ্বান জানান। ডব্লিউটিও সংস্কার ও বৈশ্বিক বাণিজ্যের চ্যালেঞ্জ নিয়েও আলোচনা হয়।

স্বল্পোন্নত দেশের (এলডিসি) মর্যাদা থেকে বাংলাদেশের উত্তরণের পথে আন্তর্জাতিক সহযোগিতা বাড়ানোর আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) জাতিসংঘ সদর দফতরে ৮০তম সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) মহাপরিচালক ড. এনগোজি ওকোনজো-ইয়েলা সঙ্গে বৈঠকে তিনি এ দাবি জানান।

প্রফেসর ইউনূস উল্লেখ করেন, এলডিসি থেকে উত্তরণের জন্য বাজার সুবিধা বা শুষ্কমুক্ত প্রবেশাধিকারের সম্ভাব্য প্রত্যাহার বড় চ্যালেঞ্জ তৈরি করতে পারে। তাই আসন্ন ডব্লিউটিও মন্ত্রী পর্যায়ের সম্মেলনে মহাপরিচালকের সক্রিয় ভূমিকা কামনা করেন তিনি। এর মাধ্যমে কার্যকর ফলাফল নিশ্চিত হলে বাংলাদেশসহ অন্যান্য দেশ ক্ষতিগ্রস্ত হওয়া থেকে রক্ষা পাবে।

প্রতিক্রিয়ায় ড. ওকোনজো-ইয়েলা বাংলাদেশকে সর্বাঙ্গিক সহায়তার আশ্বাস দেন। তিনি বলেন, বর্তমানে বৈশ্বিক বাণিজ্যে সুরক্ষাবাদী প্রবণতা ও বিশ্বায়ন থেকে পশ্চাদপসরণের ঝুঁকি বাড়লেও প্রায় ৭৫ শতাংশ বাণিজ্য এখনও ডব্লিউটিওর নিয়মে পরিচালিত হচ্ছে। এ প্রেক্ষাপটে ডব্লিউটিওর সংস্কার জরুরি উল্লেখ করে তিনি বাংলাদেশের সক্রিয় অংশগ্রহণ চান।

ডব্লিউটিও সংস্কারের প্রয়োজনীয়তার সঙ্গে একমত হয়ে প্রফেসর ইউনূস বলেন, পরিবর্তনশীল বৈশ্বিক বাণিজ্যে কার্যকর নেতৃত্বের জন্য এই সংস্থাটিকে অভিযোজিত হতে হবে। বাংলাদেশের পক্ষ থেকে অর্থবহ পরিবর্তনের পক্ষে কঠোর প্রতিশ্রুতিও দেন তিনি।

বৈঠকে আরও উপস্থিত ছিলেন জ্বালানি ও পরিবহন উপদেষ্টা ফওজুল কবির খান, প্রধান উপদেষ্টার বিশেষ দূত লুতফে সিদ্দিকী এবং এসডিজি সমন্বয়ক ও সিনিয়র সচিব লামিয়া মোরশেদ।